

💵 হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ১২৬০

১১/ জানাযা

পরিচ্ছেদঃ কবরের সম্মান

আরবী

عَن عَائِشَةَ رَضِيَ اللهُ عَنْهُا قَالَتْ: مَا صَلَّى رَسُولُ اللهِ ﷺ صَلاةً بَعْدَ أَنْ نَزَلَتْ عَلَيهِ: إِذَا جَاءَ نَصْرُ اللهِ وَالْفَتْحُ: إِلاَّ يَقُولُ فِيهَا سُبِحَانَكَ رَبَّنَا وَبِحَمْدِكَ اللَّهُمَّ اغْفِرْ لي مُتَّفَقٌ عَلَيه

وَفِيْ رِوَايَةٍ في الصَّحِيحَينِ عَنهَا : كَانَ رَسُولُ الله عَلَيْ يُكْثِرُ أَنْ يَقُولَ في رُكُوعِه وسُجُوده سُبْحَانكَ اللَّهُمَّ رَبَّنَا وَبِحَمدكَ اللَّهُمَّ اغْفِرْ لِي يَتَأْوَّلُ القُرآنَ معنى يَتَأَوَّلُ القُرآنَ معنى يَتَأَوَّلُ القُرآنَ وَسُجُوده سُبْحَانكَ اللَّهُمَّ اغْفِرْ أَنْ يَقُولُ قَبلَ أَنْ يَمُوتَسُبِحَانكَ اللَّهُمَّ وَفِيْ رِوَايَةٍ لمسلم : كَانَ رَسُولُ الله عَلَيْ يُكثِرُ أَنْ يَقُولُ قَبلَ أَنْ يَمُوتَسُبِحَانكَ اللَّهُمَّ وَفِيْ رِوَايَةٍ لمسلم : كَانَ رَسُولُ الله عَالمَة : قُلْتُ : يَا رَسُولَ الله مَا هذه الكَلِماتُ وَبِحَمدِكَ أَسْتَغْفِرُكَ وَأَتُوبُ إِلَيْكَ قَالَتْ عَائشة : قُلْتُ : يَا رَسُولَ اللهِ مَا هذه الكَلِماتُ اللَّهِ وَالْفَتْحُ لِللهَ وَالْفَقْرُ اللهَ وَالْمَةُ فِي رُوايَةٍ لَهُ : كَانَ رَسُولُ الله عَلَيْ يُكثِرُ مِنْ قُولِ سَبْحَانَ اللهِ وَالْفَتْحُ لِللهَ وَالْوَلَ اللهَ وَالْمَلْ اللهِ وَالْمَلْ اللهِ وَالْمَلْ اللهِ وَبِحَمدِهِ أَسْتَغْفِرُ اللهَ وَأَتُوبُ إِلَيْهِ قَالَتْ : قُلْتُ : يَا رَسُولُ اللهِ أَراكَ تُكثِرُ مِنْ قُولِ سَبْحَانَ اللهِ وَبِحَمدِهِ أَسْتَغْفِرُ اللهَ وَأَتُوبُ إِلَيْهِ اللهَ وَالْمُ اللهِ وَالْمَالَ اللهِ وَبِحَمدِهِ أَسْتَغْفِرُ اللهَ وَأَتُوبُ إِلَيْهِ وَلَاللهَ وَالْمَالَ اللهِ وَبِحَمدِهِ أَسْتَغْفِرُ اللهَ وَأَتُوبُ إِلَيْهِ ؟ فَقَالَ أَخبَرنِي رَبِّي أَنِي سَأَرَى مَنْ قُولُ : سُبْحَانَ اللهِ وبِحَمدِهِ أَسْتَغْفُرُ اللهَ وَأَتُوبُ إِلَيْه ؟ فَقَالَ أَخبَرنِي رَبِّي أَنِي سَأَرَى عَوْلِ اللهَ وَالْمَعْفُولُ اللهَ وَأَلْولَ فِي دِينِ عَلَامَ أَمْ اللهَ وَالْمَالُ اللهَ وَالْمَا لَلهَ وَالْمَا اللهَ وَاللهَ وَأَلُونَ فِي دِينِ اللهَ قَالَ أَفْولَا اللهَ وَاللهَ وَاللهَ وَاللهَ وَاللهَ وَاللهَ وَاللهَ وَالْلهَ وَاللهَ وَالْهَ وَاللهَ وَاللهَ وَاللهَ وَالْهُ وَاللهَ وَالْمَالِهُ اللهَ وَالْمَالِهُ وَاللهَ وَالْمَالِهُ وَاللهَ وَاللهَ وَالْمُ اللهَ وَالْمَالُولُ اللهَ وَالْمَالِهُ وَلَاللهَ وَاللهَ وَاللهَ وَاللهَ وَاللهَ وَاللهَ وَاللهَ وَالْمَالِهُ وَلَا اللهَ وَاللهَ وَلَا اللهَ وَلَوْلُ اللهَ وَلَاللهَ وَالْمُلْكُونَ فِي اللهَ اللهُ وَلَاللهُ وَلَاللهُ وَلَا اللهَ وَلِهُ اللهَ وَلَاللهُ وَلَاللهُ وَلَا اللهُ وَلُولُولُولُ اللهَ و

বাংলা

(১২৬০) আয়েশা (রাঃ) বলেন, 'ইযা জা-আ নাসরুল্লাহি অলফাৎহ' অবতীর্ণ হওয়ার পর রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম প্রত্যেক নামায়ে অবশ্যই এই (দু'আ) পড়তেন 'সুবহানাকা রাব্বানা অবিহামদিকা আল্লাহুমাগফিরলী' (অর্থাৎ হে আমাদের প্রভু! আমরা তোমার প্রশংসায় তোমার পবিত্রতা বর্ণনা করছি। হে আল্লাহ



তুমি আমাকে ক্ষমা কর। (বুখারী ৪৯৬৭, মুসলিম ১১১৫)

সহীহায়নের তাঁর অন্য এক বর্ণনায় আছে যে, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাঁর রুকু ও সাজদায় অধিকাধিক 'সুবহানাকাল্লাহুম্মা রাব্বানা অবিহামদিকা আল্লাহুম্মাগিফিরলী' পড়তেন। তিনি কুরআনের হুকুম তামিল করতেন। অর্থাৎ এই দু'আ পড়ে তিনি কুরআনে বর্ণিত '(হে নবী) তুমি তোমার প্রভুর প্রশংসায় তাঁর পবিত্রতা বর্ণনা কর এবং তাঁর কাছে ক্ষমা চাও।' আল্লাহর এই আদেশ পালন করতেন। (বুখারী ৮১৭, ৪৯৬৮, মুসলিম ১১১৩)

মুসলিমের এক বর্ণনায় আছে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাঁর মৃত্যুর পূর্বে অধিক পরিমাণে (এই দু'আ) পড়তেন, 'সুবহানাকা আল্লাহুন্মা অবিহামদিকা আস্তাগফিরুকা অআতূবু ইলায়ক।' আয়েশা (রাঃ) বলেন, আমি বললাম, হে আল্লাহর রসূল! এই শব্দগুলো কি, যেগুলোকে আমি আপনাকে নতুন করে পড়তে দেখছি?' তিনি বললেন, আমার জন্য আমার উন্মতের মধ্যে একটি চিহ্ন নির্দিষ্ট করে দেওয়া হয়েছে, যখন আমি তা দেখব তখন এটি পড়ব। (চিহ্নটি হল) 'ইয়া জা-আ নাসরুল্লাহি অলফাৎহ---- শেষ সূরা পর্যন্ত। (মুসলিম ১১১৪)

মুসলিমের আর একটি বর্ণনায় আছে রাসূলুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম 'সুবহানাল্লাহি অবিহামদিহী, আস্তাগিফিরুল্লাহা অআতূবু ইলাইহ' (দু'আটি) বেশী বেশী পড়তেন। আয়েশা (রাঃ) বলেন, আমি বললাম, হে আল্লাহর রসূল! আমি আপনাকে বেশী বেশী 'সুবহানাল্লাহি অবিহামদিহী, আস্তাগিফিরুল্লাহা অআতূবু ইলাইহ' (দু'আটি) পড়তে দেখছি (কী ব্যাপার)? তিনি বললেন, আমার প্রভু আমাকে সংবাদ দিয়েছেন যে, আমি শীঘ্রই আমার উন্মতের মধ্যে একটি চিহ্ন দেখব। সুতরাং আমি যখন তা দেখব, তখন 'সুবহানাল্লাহি অবিহামদিহী, আস্তাগিফিরুল্লাহা অআতূবু ইলাইহ' (দু'আটি) বেশী বেশী পড়ব। এখন আমি তা দেখে নিয়েছি, 'ইযা জা-আ নাসরুল্লাহি অলফাৎহ।' যখন আসবে আল্লাহর সাহায্য ও বিজয়। অর্থাৎ, মক্কাবিজয়। আর তুমি মানুষকে দলে দলে আল্লাহর দ্বীনে প্রবেশ করতে দেখবে। তখন তুমি তোমার প্রতিপালকের সপ্রশংস পবিত্রতা ঘোষণা কর এবং তাঁর সমীপে ক্ষমা প্রার্থনা কর। নিশ্চয় তিনি অধিক তওবা গ্রহণকারী। (মুসলিম ১১১৬)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)

🔗 Link — https://www.hadithbd.com/hadith/link/?id=65008

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন